গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ।

## স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস উদযাপন প্রতিবেদন

১) উপজেলা প্রশাসন মিঠামইন এর আয়োজিত হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীন সার্বভৌম বাংলাদেশের মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট ২০২০ তারিখে উদযাপিত হয় । দিবসের শুরুতে সকল সরকারী,বেসরকারী, আধা-সরকারী, শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্নভবনে সূর্য উঠার সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করে অর্ধনমিত অবস্থায় স্থির রেখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়।

২)স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকাল ৯.০০টায় মাননীয় জাতীয় সংসদ সদস্য,কিশোরগঞ্জ-৪(ইটনা,মিঠামইন,অষ্টগ্রাম) জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক মহোদয়ের নেতৃত্বে উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান (কর্মকর্তা/কর্মচারীসহ), বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষক কর্মচারী শোক র‍্যালীর করে মিঠামইন উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে মিলিত হয় এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭৫ সালের ১৫আগস্টে শাহাদাত বরণকারী সকলের আত্মার শান্তি ও মাগফিরাত কামনায় এবং দেশ ও জাতির কল্যাণ ও সমৃদ্ধি কামনা করে দোয়া করা হয় ( সংযুক্ত :- ধারণকৃত স্থিরচিত্র)।

৩) দোয়াবাদ স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিকে ফুল দিয়ে বিনম্র শ্রদ্ধা জানান মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ ০৪ (ইটনা,মিঠামইন,অষ্টগ্রাম) জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক মহোদয়, উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান (কর্মকর্তা/কর্মচারীসহ)উপজেলা পরিষদ মিঠামইন ও উপজেলা প্রশাসন মিঠামইন । অত:পর জাতির গর্বিত সন্তান বীর মুক্তিযোদ্ধাগণ ও পর্যায়ক্রমে বাংলাদেশ আওয়ামীলীগ ও উহার অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীবৃন্দ ( সংযুক্ত :- ধারণকৃত স্থিরচিত্র)।

৪) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিকে ফুল দিয়ে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনান্তে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপজেলা প্রশাসনের উদ্দ্যেগে আয়োজিত আলোচনা সভার কার্য মিঠামইন উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের তৃতীয় তলায় সকাল ১০.০০টায় শুরু হয় । আলোচনা সভায় সম্মানিত আলোচকগণ সংক্ষিপ্ত আলোচনার মাধ্যমে দিবসটির তাৎপর্য তুলে ধরেন এবং শোককে শক্তিতে রুপান্তর করে দেশ ও জাতির কল্যাণে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আজীবনের লালিত স্বপ্ন সোনার বাংলা গড়ে তুলতে একযোগে কাজ করতে আহবান জানান। সভায় উপস্থিত মাননীয় প্রধান অতিথি কিশোরগঞ্জ ০৪ (ইটনা,মিঠামইন,অষ্টগ্রাম) আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক মহোদয় স্বাধীন সার্বভৌম বাংলাদেশের মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আজীবনের লালিত স্বপ্ন সোনার বাংলা গড়ে তুলতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের গৃহীত কর্মসূচী,পদক্ষেপ,কার্যাবলীর বিশদ ব্যাখ্যা প্রদান করে সকলকে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের গৃহীত কর্মসূচী,পদক্ষেপ,কার্যাবলী বাস্তবায়নে সহযোগিতা করার জন্য বিশেষভাবে আহাবান জানান।অতঃপর

আলোচনা সভার সম্মানিত সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জনাব প্রভাংশু সোম মহান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস উপলক্ষে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। উপস্থিত সকলকে বিশেষ করে উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানদের সার্বিক সহায়তা প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে আলোচনা সভার সমাপ্তি ঘোষণা করেন( সংযুক্ত :- ধারণকৃত স্থিরচিত্র)।

৫) আলোচনা সভার সমাপ্তি ঘোষণার সাথে সাথেই মিঠামইন উপজেলা আওয়ামীলীগ মিলাদ মাহফিলের দাওয়াত প্রদান করেন। স্বাস্থ্যবিধি অনুসরণ করে মিঠামইন উপজেলা আওয়ামীলীগের উদ্দ্যেগে আয়োজিত মিলাদ মাহফিল একই স্থানে শুরু হয় বেলা ১২.০০টায়। হাজী তায়েব উদ্দিন উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক( ইসলাম ধর্ম) মিলাদ মাহফিল শেষে দোয়া পরিচালনা করেন। দোয়ার মাধ্যমে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭৫ সালের ১৫আগস্টে শাহাদাত বরণকারী সকলের আত্মার শান্তি ও মাগফিরাত কামনা করা হয় এবং দেশ ও জাতির কল্যাণ ও সমৃদ্ধি কামনা করা হয় ( সংযুক্ত :- ধারণকৃত স্থিরচিত্র)।

৬) মিলাদ মাহফিলের শেষে স্থানীয় সমবায় নেতৃবৃন্দের সাথে সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০১৮.৭১/৯৪জি (অংশ-২)-৮৪৮ (৬৩৫)-এ/ও, তারিখ:-১২/০৮/২০২০ খ্রি: এর প্রেক্ষিতে এ কার্যালয় ৪৭.৬১.৪৮৫৯.০০০.২৩.০০৫.২০-৪১২(২১৯), তারিখ: ১৩/০৮/২০২০খ্রি: মূলে জারীকৃত ও প্রচারিত পত্রের আলোকে মিঠামইন উপজেলায় বৃক্ষরোপন কর্মসূচী বাস্তবায়ন বিষয়ে বিশদ আলোচনা হয়। আলোচনা কালে কতিপয় সমবায়ী সরকারীভাবে চারাগাছ সরবরাহের পক্ষে মতামত ব্যক্ত করেন। তাদের মতামতকে সম্মান জানিয়ে পরামর্শ মূলক ও সেবাধর্মী আলোচনা হয়। আলোচনা শেষে মিঠামইন উপজেলায় কোন নার্সারী না থাকায় পার্শ্ববর্তী করিমগঞ্জ বা কিশোরগঞ্জ সদর উপজেলার নার্সারী হতে চারাগাছ ক্রয় করে বন্যার পানি নামার সাথে সাথেই প্রতিটি সমিতির ৫ থেকে ১০ জন সদস্য যাতে ১টি করে বৃক্ষ রোপনের মাধ্যমে সমবায় অধিদপ্তরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নে আন্তরিকতার সাথে কাজ করেন মর্মে আলোচনায় অংশগ্রহণকারী সমবায়ীগণ তাদের মতামত ব্যক্ত করেন।

৭) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৫তম শাহাদাত বার্ষিকী ও ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবস উপলক্ষে ধারণকৃত কালোব্যাজ ৩১আগস্ট, ২০২০তারিখ পর্যন্ত অব্যাহতভাবে ধারণ করে রাখতে এ কার্যালয়ের সকলকে সতর্ক করা হয়।

সংযুক্ত:- বর্ণনা মতে ১০টি স্থিরচিত্র।

২১/০৮/২০২০

(মোঃ আবু আছলাম)
উপজেলা সমবায় অফিসার
মিঠামইন, কিশোরগঞ্জ।


জাতীয় শোক দিবস-২০২০
শ্রদ্ধাঞ্জলি
বাংলাদেশ ছাত্রলীগ
আলোচনা সভার পূর্বে উপজেলা
প্রশাসনের কর্মকর্তাবৃন্দ


মাননীয় সংসদ সদস্য কর্তৃক নিজ
পক্ষে পুস্পস্তবক অর্পণ


পুষ্পস্তবক অর্পণপূর্বক দোয়া
T ON REDMI Y3
AL CAMERA



মিলাদ মাহফিল এর স্থির চিত্র


স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর
৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে
আলোচনা সভা
প্রধান অতিথি ঃ জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক, মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৪
বিশেষ অতিথি ঃ জনাব আছিয়া আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ
সভাপতি ঃ জনাব প্রভাংশু সোম মহান,
সময়ঃ সকাল ১০.৩০ মিঃ
তারিখঃ ১৫ আগস্ট ২০২০ খ্রি.
আয়োজনে : উপজেলা প্রশাসন, মিঠাম
SHOT ON REDMI Y3
AI DUAL CAMERA

আলোচনা সভার একাংশ



স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর
৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে
আলোচনা সভা
প্রধান অতিথি ঃ জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক, মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৪
বিশেষ অতিথি ঃ জনাব আছিয়া আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিঠামইন, কিশোরগঞ্জ
সভাপতি ঃ জনাব প্রভাংশু সোম মহান, উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ
সময়ঃ সকাল ১০.৩০ মিঃ
তারিখঃ ১৫ আগস্ট ২০২০ খ্রি.
স্থানঃ মুক্তিযোদ্ধা কমপ্লেক্স, হলরুম
আয়োজনে : উপজেলা প্রশাসন, মিঠামইন, কি
১৫ আগস্ট জাতীয় শোক দিবস
SHOT ON REDMI Y3
AI DUAL CAMERA

আলোচনা সভার একাংশ




আলোচনা সভার একাংশ


জাতীয় শোক দিবস
শ্রদ্ধাঞ্জলি
উপজেলা প্রশাসন
উপজেলা প্রশাসন কর্তৃক পুস্পস্তবক অর্পণ


জাতীয় শোক দিবস-২০২০
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
শ্রদ্ধাঞ্জলি
উপজেলা পরিষদ এর পক্ষে
পুষ্পস্তবক অর্পণ
AI DUAL CAMERA




আলোচনা শেষে মিলাদ মাহফিলের একাংশ